কুষ্টিয়ায় যুব সংগঠনের মাঝে অনুদানের চেক বিতরণ

কুষ্টিয়ায় নির্বাচিত যুব সংগঠনের মাঝে অনুদানের চেক বিতরণ করা হয়েছে।

আজ শুক্রবার সকালে কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক এহেতেশাম রেজা।

কুষ্টিয়া জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক মতিয়ার রহমানের সভাপতিত্বে এ সময় অন্যদের মধ্যে বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শারমিন আক্তার,সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মো. আতিকুল ইসলাম।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব কল্যাণ তহবিল হতে ২০২৩-২৪ অর্থবছরে কুষ্টিয়া জেলার নির্বাচিত ১০টি যুব সংগঠনের মাঝে এ অনুদান দেয়া হয়।

মেহেরপুরে যুব উন্নয়নের যুব সংগঠনের মাঝে চেক বিতরণ

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধিনের যুবকল্যাণ তহবিল থেকে প্রাপ্ত মেহেরপুরে নির্বাচিত ৫ টি যুব সংগঠনকে ২০২২-২০২৩ অর্থবছরের ২ লক্ষ টাকার অনুদানের চেক বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৮ জুলাই) সকাল ১০ টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই চেক বিতরণ করেন মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

মেহেরপুর জেলা যুব উন্নয়নের দপ্তরের উপ পরিচালক ফিরোজ আহমেদের সভাপতিত্বে চেক বিতরণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আসাদুজ্জামান, মুজিবনগর

উপজেলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন প্রমূখ।

চেক বিতরণ অনুষ্ঠানের আরও উপস্থিত ছিলেন, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের ডেপুটি কো-অর্ডিনেটর লক্ষণ বাহাদুর, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুর রাকিব প্রমুখ।

দামুড়হুদা জয়রামপুর মানবকল্যান যুব সংগঠনের কম্বল বিতরণ

দামুড়হুদা উপজেলার জয়রামপুর মানবকল্যান যুব সংগঠনের পক্ষ থেকে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ ও সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বেলা ১১টার দিকে জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে ২০০ জন শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

জয়রামপুর মানবকল্যাণ যুবসংগঠনের প্রতিষ্ঠতা সভাপতি মনিরুল ইসলাম মিলনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দৈনিক সকালের সময় পত্রিকার সম্পাদক ও প্রকাশক এবং বাংলাদেশ সংবাদপত্র পরিষদের মহাসচিব নূর হাকিম।

এসময় তিনি বলেন, শীতার্ত মানুষের পাশে দাঁড়ানো বিত্তবানদের নৈতিক দায়িত্ব। দরিদ্র ও হতদরিদ্র মানুষ, যাদের শীতবস্ত্র নেই, শীত নিবারণের জন্য সামান্য একটি কম্বল নেই। এখন যত দ্রুত সম্ভব এসব মানুষের দিকে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে। তাই বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, চাকরিজীবী বাংলাদেশ সুপ্রিম কোর্টের মোস্তফা কামাল। এসময় আরও উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান নিজাম উদ্দিন, বিশিষ্ট সমাজসেবক জাহাঙ্গীর আলম, হাউলী

ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রক্তান শিক্ষক ইয়াসিন আলী, মোতাহার হোসেন সহ স্থানীয়